ইত্তেফাক

তারিখ ..13/2/79 ...
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 3 ...



# আলজিরিয়ার নয়া প্রেসিডেন্টের শপথ গ্রহণ

আলজিয়ার্স, ১০ই ফেব্রুয়ারী (এ, এফ, পি)—আলজিরিয়ার নবনির্বাচিত প্রেসিডেন্ট জনাব বেনজাজিদ চাজলী গতকাল এখানে আলজিরিয়ার নূতন প্রেসিডেন্টরূপে আনুষ্ঠানিকভাবে শপথগ্রহণ করেন। ক্ষমতাসীন জাতীয় মুক্তিফ্রন্টের একমাত্র প্রার্থীরূপে তিনি নির্বাচনে শতকরা ৯৪ ভাগের অধিক ভোট লাভ করেন।

প্রেসিডেন্ট পদে তিনি পরলোকগত বুমেদিনের স্থলাভিষিক্ত হইলেন।